

History Study Material

Dumkal College

Semester-6, DSE Course-I

[HISTORY OF BANGLADESH FROM LIBERATION TO THE PRESENT DAY]

একটি পৃথক রাষ্ট্র হিসাবে বাংলাদেশের জন্ম। [Unit-1: The genesis]

দীর্ঘ দু'শো বছরের ব্রিটিশ শাসনের অবসান ঘটিয়ে ১৯৪৭ সালের ১৫ ই আগস্ট ভারতবর্ষ স্বাধীনতা লাভ করে। ১৯৪৭ সালের ১৮ই জুলাই ব্রিটিশ পার্লামেন্টে গৃহীত 'ভারত শাসন আইন' অনুযায়ী অখন্ড ভারতবর্ষকে ধর্মের ভিত্তিতে ভেঙ্গে দ্বিখন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। ১৯৪৭ সালের ১৪ই আগস্ট 'পাকিস্তান' এবং ১৫ই আগস্ট 'ভারত' নামক দুটি স্বাধীন রাষ্ট্রে জন্ম হয়। একই সাথে 'ভারত শাসন আইন' এর মাধ্যমে ব্রিটিশ আমলে 'বাংলা' নামক যে প্রদেশ ছিল তাকে ব্রিটিশ কর্তৃপক্ষ 'পূর্ববাংলা' এবং 'পশ্চিমবাংলা' নামে দুটি অংশে বিভক্ত করে। পশ্চিমবাংলা ভারতের অন্তর্ভুক্ত হয় এবং পূর্ব বাংলাকে পাকিস্তানের অংশ বলে ঘোষণা করা হয়। ভারতবর্ষের পশ্চিম সীমান্তে অবস্থিত চারটি মুসলিম অধ্যুষিত অঞ্চল পাঞ্জাব, সিন্ধু, বেলুচিস্তান এবং উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশ এর সাথে ভারতের পূর্ব প্রান্তে অবস্থিত 'পূর্ববাংলা' প্রদেশকে একত্রিত করে এই পাকিস্তান রাষ্ট্র গড়ে তোলা হয়। ১৯৫৬ সালে পাকিস্তানের সংবিধান রচিত হলে পূর্ব বাংলা প্রদেশের নাম পরিবর্তন করে করা হয় 'পূর্ব পাকিস্তান' এবং পশ্চিমাংশের সব প্রদেশগুলোকে একত্রিত করে নামকরণ করা হয় 'পশ্চিম পাকিস্তান'।

এই পাকিস্তান রাষ্ট্র গঠনের মধ্যেই সমস্যার বীজ নিহিত ছিল। পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে ভাষা, নৃতত্ত্ব, ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি, ভৌগোলিক পরিবেশ, খাদ্যাভ্যাসসহ সকল ক্ষেত্রে বিস্তর ব্যবধান ছিল। কিন্তু এত ব্যবধান থাকা সত্ত্বেও শুধুমাত্র ধর্মের ভিত্তিতে প্রায় একহাজার মাইলের অধিক ব্যবধানে অবস্থিত পশ্চিম পাকিস্তানের সঙ্গে পূর্ব বাংলাকে অন্তর্ভুক্ত করে একটি অসম রাষ্ট্র গড়ে তোলা হয়। এই নবগঠিত রাষ্ট্র পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল নিযুক্ত হন মোহাম্মদ আলী জিন্নাহ এবং প্রধানমন্ত্রী নিযুক্ত হন লিয়াকৎ আলী খান। আর পূর্ব বাংলার প্রথম মুখ্যমন্ত্রী নির্বাচিত হন খাজা নাজিমউদ্দিন এবং প্রথম গভর্নর নিযুক্ত হন স্যার ফ্রেডারিক বোর্গ। [1948 সালের সেপ্টেম্বর মাসে পাকিস্তানের প্রথম গভর্নর জেনারেল মোহাম্মদ আলী জিন্নাহ মৃত্যুর পর পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী খাজা নাজিমুদ্দিন গভর্নর জেনারেল নিযুক্ত হন। সেই সময় নুরুল আমিনকে পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী নিয়োগ করা হয় তিনি এবং তার শাসনামলেই পূর্ব বাংলায় ভাষা আন্দোলন সংঘটিত হয়েছিল।]

পাকিস্তানের মোট ভূখন্ডের শতকরা ৮৪.৩ ভাগ আয়তন ছিল পশ্চিম পাকিস্তানে এবং মাত্র ১৫.৭ ভাগ আয়তন ছিল পূর্ব পাকিস্তানের। অথচ জনসংখ্যার দিক থেকে শতকরা ৪৩.৭ ভাগ লোকের বাস ছিল পশ্চিম পাকিস্তানে এবং ৫৬.৩ ভাগ লোকের বাস ছিল পূর্ব পাকিস্তানে। পাকিস্তান রাষ্ট্র গঠনের পর থেকেই পশ্চিম পাকিস্তানি শাসকগোষ্ঠী সংখ্যাগরিষ্ঠ বাঙালির অধিকার হরণের চেষ্টায় লিপ্ত হয়। জনসংখ্যার দিক থেকে সংখ্যাগরিষ্ঠ হওয়া সত্ত্বেও পূর্ব পাকিস্তানের প্রতি আর্থ-সামাজিক, রাজনৈতিক ও প্রশাসনিক বৈষম্য এ অঞ্চলের জনমনে প্রবল অসন্তোষের সৃষ্টি করে। ফলে শুরু থেকেই স্বাধিকারের প্রশ্নে এই অঞ্চলের জনগণকে আন্দোলনে ঝাপিয়ে পড়তে হয়। অবশেষে দীর্ঘ সংগ্রামের মধ্য দিয়ে ১৯৭১ খ্রিস্টাব্দে পূর্ব পাকিস্তান তথা পূর্ব বাংলার মানুষেরা পশ্চিম পাকিস্তানের নাগপাশ থেকে মুক্তি লাভ করে। একটি পৃথক স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র বাংলাদেশের জন্ম হয়।

Dumkal College